সুবিধা বঞ্চিত শিশুদের নিয়ে মেহেরপুর ভাবনার এক বেলা আহার

মেহেরপুরের সমাজ সেবক সংগঠন মেহেরপুর ভাবনার উদ্যোগে সুবিধা বঞ্চিত শিশুদের নিয়ে একবেলা খাবারের আয়োজন করে।

কুরবানির ঈদকে ঘিরে এমন ব্যতিক্রমী উদ্যোগ নেয় সংঠনটি। এর আগে ঈদের দিন বিত্তবান দের সহযোগিতায় কুরবানীর মাংস সংগ্রহ করেন স্বেচ্ছাসেবকরা। তারপর সেই মাংস দিয়ে ১৫০ জন শিশুর খাবারের আয়োজন করেন।

ইতিমধ্যে সংঠনটি বেশকিছু উদ্যোগে সফল হওয়ায়। তারা আশা রাখে সামনে আরো উদ্যোগ গ্রহণ করবে।

একই দিনে মেহেরপুর ভাবনা সংগঠনের নতুন কমিটি ঘোষণা করা হয়। উক্ত কমিটি সভাপতি মো তানভির আল মামুন ও সাধারণ সম্পাদক শাকিল আহমেদ সহ ৩০ জন সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

গাংনীর ডিসি ইকোপর্কে স্বাস্থ্য বিধি লঙ্ঘন ও নিয়ম অমান্যে ভ্রাম্যমাণ আদালতে ছয়জনকে জরিমানা

স্বাস্থ্য বিধি উপেক্ষা ও সরকারি আদেশ লঙ্ঘন করায় ছয় জনকে চার হাজার ১০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুরে মেহেরপুরের গাংনী ভাটপাড়া ডিসি ইকোপার্কে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকীম ইয়ানুর রহমান এই জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানা গেছে, করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন উপজেলা প্রশাসন। মাস্ক

ব্যবহার বাধ্যতামূলক ও যত্রতত্র গাড়ি পার্কিংয়ের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়। সরকারী আদেশ উপেক্ষা করায় নির্বাহী হাকীম ও সহকারি কমিশনার (ভুমি) ইয়ানুর রহমান পার্কে বেড়াতে আসা মদনা ডাঙ্গা গ্রামের শারজান আলীর ছেলে রুবেল(২২)কে এক হাজার টাকা, গাংনী বাজারের আব্দুল খালেকের ছেলে মাসুদ রানা (২০)কে দুই হাজার টাকা, মাইলমারি গ্রামের সাহাজুলের ছেলে শাকিব (২০)কে ৫০০ টাকা, মেহেরপুর স্টেডিয়াম পাড়ার বাবর আলীর ছেলে ইসমাইল(২২)কে ২০০ টাকা, মদনের ছেলে রনি শেখ (৩০)কে ২০০ টাকা,এবং গোলজারের ছেলে লিটন(২৫)কে ২০০ টাকা জরিমানা করেন।

মেহেরপুরের গাংনীতে ৭ জুয়াড়ী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের জনৈক হাসিবুুলের বাড়ি থেকে টাকা ও জুয়ার সরঞ্জামাদিসহ সাত জুয়াড়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার সকালে গাংনীর কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্পের একটি টীম এদেরকে গ্রেপ্তার করে।

এরা হচ্ছে- ছাতিয়ান গ্রামের হাসিবুল(২৪), জাকির হোসেন(২৬), জাহাঙ্গীর(২৬), মারুফ হোসেন(১৬), মান্নান(৩২), গোবরধন(৪০) ও হাফিজুর(৩০)। গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, বেশ কিছুদিন যাবত পুলিশের চোখ ফাঁকি দিয়ে হাসিবুলের বাড়িতে জুয়া খেলা চলছিল। সংবাদ পেয়ে কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ আব্দুল আলীম শেখ ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে জুয়াড়িদেরকে গ্রেপ্তার করে। এসময় জুয়া খেলায় ব্যবহৃত এক সেট তাস ও ২ হাজার ৩০০ টাকা জব্দ করা হয়।

গাংনীতে যাত্রীবোঝাই লেগুনা উল্টে শিশুসহ ১০ জন আহত

মেহেরপুরের গাংনীতে যাত্রীবোঝাই লেগুনা উল্টে শিশুসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে। এরা হলেন, গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের আবদুল হান্নানের মেয়ে সাফিয়া খাতুন (৮), নওপাড়া গ্রামের খানের ছেলে হাসিব (১২), চৌগাছা গ্রামের আসাদুলের ছেলে জিহান, (১৯), কুতুবপুর গ্রামের দাউদ হোসেনের ছেলে দুলাল হোসেন (৪০), মাইল মারি গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে সুজন আলী (৩৫) সহগলপুরগ্রামের আবদুল ওয়াহাবের স্ত্রীর ছেয়ারন নেছা),(৫৮) এবং লেগুনা চালক রফিকুল ইসলাম।
আজ সোমবার বেলা ১১ টার সময়
এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান মেহেরপুর থেকে যাত্রী বোঝাই করে ছেড়ে আসা একটি সাদা রংয়ের লেগুনা গাংনীর চৌগাছা নামক স্থানে পৌঁছালে একটি ছাগল কে সাইড দিতে গিয়ে উল্টে যায়। লেগুনার মধ্যে যাত্রীরা রাস্তায় ছিটকে পড়ে রক্তাক্ত জখম হয়। তাদেরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে তাদেরকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। এদের মধ্যে ছেয়ারন নেছার অবস্থা আশঙ্কাজনক।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের কর্মরত চিকিৎসক বুধাদিত্য দাস জানান, আহতদের প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি পাঠানো হয়েছে তবে শিশু সাফিয়া ও বৃদ্ধা ছেয়ারন নেছা মারাত্মক যখন প্রাপ্ত হয়েছেন।
লেগুনা চালক রকিবুল মেহেরপুরে চিকিৎসাধীন রয়েছেন। উল্টে যাওয়া লেগুনাটি স্থানীয়দের হেফাজতে রয়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, সংবাদপএ পুলিশের একটি টিম ঘটনাস্থলে পরিদর্শন করেন এবং আহতদের হাসপাতালে নিয়ে আসেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের উজলপুরে ঈদ আনন্দ উদযাপন

মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামে সাজিপাড়া যুব সংগঠন আয়োজিত এক বিশাল খেলাধুলার আয়োজন করা হয়েছিল।

খেলায় অংশগ্রহণ করেছেন উজলপুর গ্রামের বিভিন্ন পেশাজীবী মানুষ। খেলাধুলার ব্যবস্থা ছিল বিবাহিত অবিবাহিত দের মধ্যে দড়ি টানাটানি, মুরুব্বিদের বেলুন ফাটানো, যুবকদের তেল মাখানো কলাগাছে ওঠা, কিশোরদের জন্য ছিল মোরগ লড়াই, আরো ছিল সকলের জন্য হাড়িভাঙ্গা সহ বিভিন্ন খেলা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান মোহাম্মদ ইদ্রিস আলী মাস্টার।

তিনি বলেন, খেলাধুলা অবশ্যই আমাদের সমাজকে কলুষমুক্ত রাখে। কিন্তু বর্তমান সময়ে আমাদের একটু ভেবেচিন্তে এই ধরনের আয়োজন করতে হবে। বর্তমানে এই মহামারী আমাদের আপনজনদের প্রাণহানি ঘটাচ্ছে। হারাতে হচ্ছে আমাদের প্রিয় মানুষ গুলোকে।

তাই আমরা নিয়মিত মাক্স ব্যবহার করব হাত ধোব সচেতন থাকবো। অবশ্যই করো না কাল উত্তরন হলে সকল ধরনের বিনোদনের সাথে আমি আছি ছিলাম থাকবো। কোন ধরনের সহযোগিতা লাগলেও আমিন করব। তবে এই সময়টা আমাদেরকে সাবধানে থাকতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সুমন রেজা, ইয়াসিন আলী, মোজাম্মেল হক, আব্দুল আহাদ, আব্দুল আলিম, প্রমুখ।

বিশেষ অতিথি সুমন রেজা তিনি জানান, আমরা ছোট ছিলাম খেলাধুলা খেলেছি খেলাধুলা হচ্ছে আমাদের মস্তিষ্কে সচল রাখে শরীর ভালো থাকে মন ভালো থাকে তাই আমরা আরো বেশি বেশি খেলাধুলা করব কিন্তু করোনা কাল উত্তরণ হলে।

এই খেলাটি আয়োজন করেন উজলপুর সাজিপাড়া যুব সংগঠন। সেচ্ছাসেবী

হিসেবে যারা দায়িত্ব পালন করছিলেন তাদের মধ্যে অন্যতম আব্দুল জাব্বার, রাশেদ, লিটন, সহ আরো অনেকে।

খেলাধুলা শেষে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

মেহেরপুরে ট্রাফিক পুলিশের অভিযান

মেহেরপুর সদরে করোনা ভাইরাস ও বেপরোয়া ভাবে গাড়ি চলাচল রোধে ট্রাফিক পুলিশের সর্তকতা অভিযান।

রবিবার বিকালে মেহেরপুরের হোটেল বাজার মোড়ে টি আই ইসমাইলের নির্দেশে এই অভিযান পরিচালনা করা হয়।

এসময় তিনি বলেন, মেহেরপুর গাংনী উপজেলায় সড়ক দুর্ঘটনায় দুই জনের মৃত্যু হয়। তারই পরিপেক্ষিতে মেহেরপুরে বিভিন্ন স্থানে এই অভিযান পরিচালনা করা হয়।

ঈদুল আযহার দ্বিতীয় দিন অর্থাৎ আজকের দিনে যানবাহন চলাচল কম থাকায় শহরের বিভিন্ন রাস্তায় বেপরোয়া গতিতে প্রতিযোগিতা করে মোটরসাইকেল চালানোর কারণে সড়ক দুর্ঘটনা রোধে আমাদের চেকপোস্ট। যাতে করে অকালে ঝরে না পড়ে মূল্যবান প্রাণ।

তিনি আরও বলেন, একই মোটরসাইকেলে তিন জন আরোহী, বেপরোয়া গতিতে গাড়ি চালানো, হেলমেট ও মাস্ক ব্যবহার না করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এসময় মেহেরপুর জেলা ট্রাফিক টিএসআই উত্তম কুমার অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ট্রাফিক সার্জেন্ট বাচ্চু টি এস আই জাহাঙ্গীর হোসেন।

মেহেরপুরের কুতুবপুরে বিবাহিত অবিবাহিত দের ফুটবল টুর্নামেন্ট

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের কুতুবপুর গ্রামে বিবাহিত অবিবাহিত দের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল চার টার সময় এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এই খেলায় এক দিকে অংশ গ্রহণ করেন কুতুবপুর গ্রামে বিবাহিতরা অপর দিকে অংশ গ্রহণ করেন অবিবাহিতরা।

টুর্নামেন্টে সবেক ইউ পি সদস্য আব্দুল আওয়ালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুবলীগ নেতা আরিফুর রহমান আরিফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আওয়ামী লীগ নেতা আব্দুর রশিদ, ইয়াছিন আলী, মহাদ্দেছ আলী, দেলোয়ার মাষ্টার, আমজাদ মাষ্টার, শহিদুল ইসলাম, সাবেক ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন মজনু, রাহিবুল ইসলাম প্রমুখ।

সভপতি তার বক্তব্য বলেন, আজকের এই খেলা একটু বিনোদন দেওয়ার জন্য আযোজন করেছি তবে প্রতিবছর বয়স্কদের ও খেলার আয়োজন করা হয়ে থাকে তবে করোনার জন্য সেটি এবার করিনি তবে করোনা উত্তরন হলে আবারো আয়োজন করবো।

এ বিষয়ে আরিফুর রহমান তার বক্তব্য বলেন, আজকের এই খেলা সুধু খেলায় নয়। এই খেলা তরুন প্রজন্মকে জাগরিত করনের একটি অধ্যায়।দিন দিন আমাদের তরুন প্রজন্ম মাদকাসক্ত হয়ে পড়ছেন অন্যদিকে বিলিন হয়ে যাচ্ছে আমাদের খেলা ধুলা।

তাই আজকে আমি ৩০ জন তরুন খেলোয়ারের মাঝে জার্সি বুট আন্ডার তুলে দিলাম এবং তারা যেন মাদকের দিকে না যেয়ে খেলা ধুলায় সময় ব্যায় করে সাথে দেশ ও জাতির মুখ উজ্জ্বল করে। তবে আজকে যে সব খেলোয়াড় বৃন্দ আছো তোমাদের খেলা বিষয়ক যে কোন উদ্যোগে আমি তোমাদের

সাথে আছি।

টুর্নামেন্ট টি সঞ্চালনা করেন মোঃ নাদিম মাষ্টার।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় নিহত ২

মেহেরপুরের গংনী উপজেলায় সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত হয়েছে। রবিবার সকালে বামন্দী-বালিয়াঘাট সড়কের তিন রাস্তার মোড়ে মটোরসাইকেল ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ এ ঘটনা ঘটে। মর্মান্তিক এ দুর্ঘটনায় দু’জন নিহত হলেও একজন আরহী বেঁচে যায় বলে জানা যায়।

নিহতরা হলো, গাংনী উপজেলার ব্রজপুর গ্রামের আকরামের ছেলে মকবুল হোসেন (২৮) ও চরগোয়াল গ্রামের আঃ আওয়ালের ছেলে আকতার। বেঁচে যাওয়া ব্যাক্তি ব্রজপুর গ্রামের আনিছের ছেলে আব্দুল বারি।

স্থানীয়রা জানান, ব্রজপুর থেকে নিহত মকবুল মটোর সাইকেলে করে তার বন্ধু আকতার ও আব্দুল বারি বামন্দীর দিকে আসছিল। গরুর হাট সংলগ্ন তিন রাস্তা মোড়ে পৌছলে একটি ট্রাকের সাথে ধাক্কা লাগলে তারা পড়ে যায়। এমন সময় ট্রাকের চাকা তাদের শরীরের উপরে উঠে চলে যায়। তাদের দ্রুত উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার জানান, যেহেতু তাদের শরীরে দৃশ্যমান কোন ক্ষত নাই। ধারণা করা হচ্ছে ট্রাকের চাকার চাপে তাদের শ্বাস বন্ধ হয়ে মৃত্যু হতে পারে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। ট্রাকটি শনাক্তের চেষ্টা করা হচ্ছে।
মেপ্র / এমএফআর

গাংনীর গাড়াবাড়ীয়া তে বন্ধুত্বের মেহেরপুরের পক্ষ থেকে মাস্ক ও হ্যান্ড গ্লাভস বিতরণ

আজ বন্ধুত্বের মেহেরপুরের পক্ষ থেকে মাস্ক ও হ্যান্ড গ্লাভস বিতরণ করেন সেচ্ছাসেবী দের মাঝে।

সচেতনতা সৃষ্টির মাধ্যমে করোনা কে জয় করার প্রত্যেয় নিয়ে কাজ করে চলেছে এই গ্রুপ।

এসময় উপস্থিত ছিলেন বন্ধুত্বের মেহেরপুরের এডমিন তুষার হোসেন,মাহমুদুল হাসান স্বজল রেজাউর রহমান মোবারক হোসেন হুছাইন কবির মনজুর আলম বিশ্বাস প্রমুখ।

মাহমুদুল হাসান স্বজল তার বক্তব্য জানান, বন্ধুত্বের মেহেরপুর সহ মেহেরপুরের সকল সেচ্ছাসেবী সংগঠনগুলোর ভালো কাজের সাথে বন্ধু হিসেবে থাকবে। এবং সমাজের অসহায় মানুষগুলোর পাশে থেকে সেবা করতে চাই। বর্তমানে আমরা করোনা কালে স্টুডেন্ট স্কিল ডেভেলপমেন্টের জন্য কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যার প্রথম পর্ব শেষ করে আজ রেজাল্ট দেওয়া হয়েছে।

এ বিষয়ে বন্ধুত্বের সেহেরপুরের সিনিয়র সদস্য রেজাউর রহমান জানান বন্ধুত্বের মেহেরপুরের এমন উদ্যোগ সত্যিই প্রশংসানীয়। বন্ধুত্বের মেহেরপুরের সকল ভালো কাজের সাথে আমি ও আমারা পাশে আছি। আমাদের বন্ধুত্ব সুলভ ব্যবহারের মাধ্যমে সমাজ পরিবর্তনের কাজে এগিয়ে যেতে হবে।

ব্লড ডোনেশন ইন মেহেরপুরের তৃতীয় অধিবেশন অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সিমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ব্লড ডোনেশন ইন মেহেরপুরের তৃতীয় অধিবেশনে আলোচনা সভা অনুষ্ঠিত হয় আজ।

উক্ত অনুষ্ঠানে গ্রুপের এডমিন জাহিদ হোসেনের সঞ্চালনার মধ্যে দিয়ে সূচনা হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর গ্রামের মহাদ্দেস আলী, এছাড়াও উপস্থিত ছিলেন গ্রুপের মডারেটর সহ সকল সদস্য বৃন্দ।

মোহাদ্দেস আলী তার বক্তব্য মধ্যে দিয়ে জানান, এই গ্রুপটি মাত্র দুই মাসের মধ্যে ৬৫ ব্যাগ রক্ত প্রদান করেছেন অসহায় গরীব অসুস্থ মানুষের মাঝে।

এ চাছাড়াও বর্তমানে গ্রুপের সদস্য সংখ্যা হয়ে দাড়িয়েছে ১০০০+ যা সবসময় সেচ্ছায় রক্তদানে নিযোজিত। মানবতার এই কাজে সর্বাত্মক পরিশ্রম করচেন জাহিদ,জাহিদ আরী,রায়হান আলী, জুয়েল রানা, সাইফুল ইসলাম প্রমুখ।

ব্লড ডোনেশন ইন মেহেরপুর মেহেরপুর জেলার কোন মানুষ যেন রক্ত সংকটে মৃত্যু বরণ না করে সেই প্রত্যেয় নিয়ে যাত্রা শুরু করেন। বর্তমানে তারা কঠোর ভাবে মানুষের পাশে দাড়িয়ে সেচ্ছায় কাজ করবেন বলে প্রতিশ্রুতি দেন।